



বীর শহীদ

রিয়াজুল তালুকদার

জন্ম তারিখ: ৬ নভেম্বর, ১৯৮৭  
শাহাদাতের তারিখ: ৪ আগস্ট, ২০২৪  
বিভাগ: ঢাকা  
জেলা: শরীয়তপুর

## শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা : চাকুরি,

শাহাদাতের স্থান : ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

## শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

২০২৪ সালের গণ-অভ্যুত্থানের একজন শহীদ মো: রিয়াজুল তালুকদার। তিনি শরীয়তপুরের নড়িয়া থানার বিল আবুড়া গ্রামে ৬ নভেম্বর ১৯৮৭ সালে জন্মগ্রহণ করেন। তিনি মো: গিয়াসউদ্দিন তালুকদার এবং মোসা: সেহেরজান বিবির সন্তান। ছাত্র-জনতার গণ-বিপ্লবের শেষ প্রান্তে ৪ আগস্ট ২০২৪ শাহাদাত বরণ করেন তিনি।

## ব্যক্তিগত জীবন

অত্যন্ত দরিদ্র পরিবারের সন্তান রিয়াজুল তালুকদার। ছোট্ট একটা চাকরি করতো রিয়াজুল। কৃষক পিতার অস্বচ্ছল পরিবারের চার ভাইবোনের সংসার চলতো দুঃখে-কষ্টে। ছোট্ট ভাইকে প্রতিষ্ঠিত করতে বিদেশেও তাকে টাকা পাঠাতে হয়েছে।

## পরিবারের অর্থনৈতিক অবস্থা

শহীদের পিতা গিয়াসউদ্দিন তালুকদারের ছয়জনের সংসার। তিনি কৃষি কাজ করেন। তাতে সংসারে টানাপোড়েন যায় না। এ কারণে তিনি রিয়াজুলের ছোটভাইকে মালেশিয়ায় পাঠিয়েছিলেন। সংসারে স্বচ্ছলতার আশায়, কিন্তু সে আশা পূরণ হয়নি। তাকেই বাংলাদেশ থেকে টাকা পাঠাতে হয়। কৃষি জমির ফল-ফসলাদি এবং রিয়াজুলের বেতনের টাকায় সংসার কোনক্রমে চলতো। তার মৃত্যুর পর এখন কিভাবে এ সংসার চলবে তা তারা জানেন না।

## যেভাবে শহীদ হন মো: রিয়াজুল তালুকদার

৪ আগস্ট সন্ধ্যায় অফিস থেকে বাসায় ফিরছিলেন রিয়াজুল। রাস্তায় শিক্ষার্থী এবং পুলিশের মধ্যে ধাওয়া-পাল্টা-ধাওয়া চলছিল। হঠাৎ একটা গুলি এসে রিয়াজুলের বুকে লাগে। সন্ধ্যা ৭.৪০ মিনিটে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়। মাত্র ৪০ মিনিটের মাথায় চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

## শহীদ সম্পর্কে তার পিতা ও ছোট ভাইয়ের প্রতিক্রিয়া

শহীদের পিতা গিয়াসউদ্দিন তালুকদার বলেন, “আমার ছেলে কোনদিন আমার সাথে বা কারো সাথে খারাপ ব্যবহার করেনি। সব সময় সে পরিবারের সবার খেয়াল রাখত। চেষ্টা করত সকলের চাহিদা পূরণ করতে।” শহীদ সম্পর্কে তার ছোট ভাই বলেন, “আমার ভাইয়ের মতো ভাই হয় না। এলাকার সবাই তার প্রশংসা করতো। প্রয়োজন ছাড়া সে এক মুহূর্তও বাইরে থাকত না।

## প্রস্তাবনা

১. শহীদ পরিবারকে এককালীন আর্থিক অনুদান প্রদান

২. শহীদের ছোট ভাইয়ের উন্নত চাকরির ব্যবস্থা করা

এক নজরে শহীদ

রিয়াজুল তালুকদার

পিতা : মো. গিয়াসউদ্দিন তালুকদার

মাতা : মোসা. সেহেরজান বিবি

পেশা : চাকুরি

জন্ম তারিখ ও বয়স : ৬ নভেম্বর ১৯৮৭

আহত ও শহীদ হওয়ার তারিখ : ৪ আগস্ট ২০২৪

শাহাদাৎ বরণের স্থান : রাজপথ

দাফনের স্থান : নিজ গ্রাম

স্থায়ী ঠিকানা : বিল আবুড়া, নড়িয়া, শরীয়তপুর

ঘরবাড়ি ও সম্পদের অবস্থা : বিত্তহীন পরিবার

ভাইবোন ও সন্তানের বিবরণ : চার ভাইবোন

### পবিত্র কুরআনের বাণী

আর যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে মৃত বলো না; বরং তারা জীবিত; কিন্তু তোমরা উপলব্ধি করতে পার না। (সূরা আল-বাকারা ২:১৫৪)

### হাদীস শরীফ

রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের জন্য জামাতে ৭০ জন আত্মীয়ের জন্য সুপারিশ করার অধিকার থাকবে।” (সুনান আবু দাউদ ২৫২০)

দোয়া পাঠ: ০ জন

### শহীদদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি



### ভিডিও

<https://www.youtube.com/watch?v=eOhmIG1nACI>